

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা  
[www.dncrp.gov.bd](http://www.dncrp.gov.bd)

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

নং-২৬.০৪.০০০০.১১০.২৯.০১৫.১৯.২২৭

তারিখঃ ৪ এপ্রিল ২০১৯

বিষয়ঃ রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগের সকল উপজেলায় ভোক্তা অধিকার বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক সেমিনার/আলোচনা সভার আয়োজন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ভোক্তা স্বার্থ সংরক্ষণ ও ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধ কল্পে সরকার 'ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' প্রণয়ন করে এবং এই আইনের অধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর প্রতিষ্ঠা করে। ভোক্তা/নাগরিকের অধিকার সংরক্ষণের জন্য আইনটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

এ ধরনের একটি জনবান্ধব আইনের সুফল পাওয়া অনেকাংশে নির্ভর করে আইন সম্পর্কে গণসচেতনতার উপর। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর তার প্রতিষ্ঠাকাল হতে ভোক্তাদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নানা কর্মসূচি গ্রহণ করেছে। এ সকল জনসচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়নের ফলে ভোক্তাসাধারণ তাদের অধিকার আদায় ও সংরক্ষণে অধিকতর কার্যকর ভূমিকা রাখছে। জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি আয়োজন করা প্রয়োজন। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের এপিএ (Annual Performance Agreement) লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে চলতি বছর ৬৮০টি সেমিনার আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বাস্তবায়ন এবং এ বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে তাঁর উপজেলায় তাঁর নেতৃত্বে ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে সেমিনারটি আয়োজন করার জন্য তাঁকে অনুরোধ করা হচ্ছে। তাঁর উপজেলার উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সদস্যগণ, সকল সরকারী অফিসের কর্মকর্তাগণ, ব্যবসায়ী সংগঠন, বেসরকারী সংস্থাসমূহের কর্মকর্তাগণের সমন্বয়ে সেমিনার/আলোচনা সভাটি অনুষ্ঠিত হতে পারে।

প্রস্তাবিত এ সেমিনার/আলোচনা সভা অনুষ্ঠানের ব্যয় নির্বাহ করার জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয় এর মাধ্যমে তাঁর বরাবরে ৩,০০০/- (তিন হাজার) টাকা বাজেট বরাদ্দ প্রদান করা হবে। এ বিষয়ে অত্র অধিদপ্তরের জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাঁকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

এমতাবস্থায়, তাঁর উপজেলার সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করে একটি সুবিধাজনক ভেন্যুতে ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে সেমিনার/আলোচনা সভাটি আয়োজন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য এবং আয়োজিত সেমিনার/আলোচনা সভাটির বিস্তারিত প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

  
(মোঃ শফিকুল ইসলাম শিক্কার)  
সহকারী পরিচালক  
ফোনঃ ৮১৮৯৪২৬  
ই-মেইল : [dg@dncrp.gov.bd](mailto:dg@dncrp.gov.bd)

উপজেলা নির্বাহী অফিসার

----- উপজেলা।

----- জেলা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, ..... বিভাগ.....।
- ২। জেলা প্রশাসক,.....।
- ৩। উপজেলা চেয়ারম্যান ..... উপজেলা।
- ৪। উপপরিচালক, সকল বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর,.....।
- ৫। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সহকারী পরিচালক,..... জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর,.....।